5000Rs.

INDIA NON JUDICIAL

৫০০০রু. Rs 5000

भारत

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

-: শ্রী শ্রী দুর্গা :-

23 MAR 1999

-: বন্টননামাপত্র :-

ইহা দুই অংশে বিভক্ত

বিভাজ্য (ক) তপশীল পরিচিত সর্ব্বমোট ৮২.//৩৭ সতের কাঠা এক ছটাক সাঁইত্রিশ বর্গফুট সম্পত্তি আদি ৩৬, ৭৭, ০০০৲ টাকা মূল্যের ডিড অফ পার্টিশান বা আপোষ বিভাগ বন্টননামা পত্র। তন্মধ্যে প্রথম পক্ষের রকম ।।. আট আনা অংশে প্রাপ্ত (ক) তপশীলের অন্তর্গত (খ) তপশীল পরিচিত সম্পত্তির মূল্য ১৮, ৩৮, ৫০০৲ টাকা এবং দ্বিতীয় পক্ষের রকম ।।. আট আনা অংশে প্রাপ্ত (ক) তপশীলের অন্তর্গত (গ) তপশীল পরিচিত সম্পত্তির মূল্য ১৮, ৩৮, ৫০০৲ টাকা হইতেছে।

জের .... ২

SL. NO. 2430 ... ... ...
DATE 12/03/1999 SERAMPORE TREASURY
NAME ... Nemai Kumar Ghosh
Sheoraphuli
Serampore.
Serampore.
Hooghly

Stamp Clerk 12/03/99
Serampore Treasury

730/-

23 Mar 99

Issued on 12-03-1999
Nos 6 (six) sheets Non Judicial
Stamp 2430
Rs 9250/-
(Rupees nine thousand two hundred fifty only)

Stamp Clerk 12/03/99
Serampore Treasury

Nimai Kumar Ghosh

23 MAR 1999

1) Maya Ghosh
W/o Lt Kamal Kr Ghosh

2) Nimai Kr. Ghosh
S/o Lt Surendra Nath Ghosh
Sheoraphuli
Serampore
by Profession Housewife + Business.

Nimai Kumar Ghosh

23 MAR 1999

Maya Ghosh.

23 MAR 1999

Partha Ghosh
S/o Lt Bimal Kr Ghosh
G. T. Rd. Sheoraphuli
Serampore
Profession Business

Partha Ghosh.
S/O. Late Bimal Kumar Ghosh.
"Ghosh- Niketan"
G. T. Road.
P.O. Sheoraphuli.
Dist- Hooghly. P.S. Serampore. Business.

23 MAR 1999

2000Rs.




(২)

Maya Ghosh

Nimai Kumar Ghosh

প্রথমপক্ষ :- শ্রীমতী মায়া ঘোষ , স্বামী ৺কমল কুমার ঘোষ , জাতি - হিন্দু , পেশা - গৃহকার্য্য , সাং - সেওড়াফুলী , থানা - শ্রীরামপুর , জেলা - হুগলী ।

দ্বিতীয়পক্ষ :- শ্রী নিমাই কুমার ঘোষ , পিতা ৺সুরেন্দ্র নাথ ঘোষ , জাতি - হিন্দু , পেশা - ব্যবসা , সাং - সেওড়াফুলী , থানা - শ্রীরামপুর , জেলা - হুগলী ।

কস্য ডিড অফ পার্টিশান বা আপোষ বিভাগ বন্টননামা পত্র মিদং কার্য্যঞ্চাগে । জেলা হুগলী , এ্যাডিসন্যাল ডিষ্ট্রীক্ট সাবরেজিষ্ট্রী অফিস ও থানা শ্রীরামপুরের অন্তর্গত ,

জের .... ৩

SL. NO. 2420
DATE 12/03/1999
NAME ... TREASURY

Nemai Kumar Ghosh
[illegible]
[illegible]
Serampore
Hooghly

[illegible]
10/03/99
... TREASURY

District Sub-Registrar, Serampore
Serampore, Hooghly

23 MAR 1999

Dist- Hooghly.

2000Rs.

INDIA NON JUDICIAL

२000रु.　Rs 2000

सत्यमेव जयते

भारत

दो हजार रुपये　TWO THOUSAND RUPEES

(৩)

Maya Ghosh.

বৈদ্যবাটী মিউনিসিপ্যালিটীর এলাকাধীন , বোর পরগনার , জে.এল.নং ১০ চাতরা মৌজায় ৫ নং ওয়ার্ডের ৯ , ১০ এবং ১১ নং জি.টী.রোড হোল্ডিং ভুক্ত এবং নিম্নের (ক) তপশীলের পরিচিত ২৭৬৯ নং খতিয়ানের জের ২৭৭২ নং খতিয়ান ভুক্ত ৪০৩৩ নং দাগে বাস্তু মধ্যে চিহ্নিত মাপসুরত ১।।২ এক কাঠা আট ছটাক দুই বর্গফুট ও ২৭৭০ নং খতিয়ান ভুক্ত ৪০৩৬ নং দাগে বাস্তু মধ্যে চিহ্নিত /৵ ৩৯ তের ছটাক ঊনচল্লিশ বর্গফুট এবং ২৭৬৯ নং খতিয়ান ভুক্ত ৪০৩৮ নং দাগে বাস্তু মধ্যে চিহ্নিত ।৩.।।.৩৭ আট কাঠা আট ছটাক সাঁইত্রিশ বর্গফুট ও $\frac{৪০৩৮}{৪১৯৩}$ নং দাগে বাস্তু মধ্যে চিহ্নিত ।১.৵/৪ ছয় কাঠা তিন ছটাক চার বর্গফুট , একুনে সর্ব্বমোট ৮২৷. ৩৭ সতের কাঠা এক ছটাক সাঁইত্রিশ বর্গফুট

জের .... ৪

SL. NO 2420

DATE 18/03/98

NAME ... TREASURY

Nemai Kumar Ghosh

Sheoraphuli

Serampore

Serampore

Hooghly

... TREASURY

District Sub-Registrar

Serampore, Hooghly

23 MAR 1999

Dist - Hooghly

100Rs.

INDIA NON JUDICIAL

১০০ রু.　　Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES

(৪)

Maya Ghosh
Nimai Kumar Ghosh

বা কমিবেশী .২৮২৩ সহস্রাংশ জমি সায় তদুপরিস্থিত এএসহ সংযুক্ত নক্সা বিমর্জিম দ্বিতল ইমারত বাটী সহ সায় পথাদি সর্ব্বোতভাবে ব্যবহারের স্বত্বলভ্য ও সর্ব্বপ্রকার ইজমেন্ট রাইটস্ সহ সম্পত্তি আদি এএ দলিলের বিভাজ্য সম্পত্তি হইতেছে ।

আমি প্রথমপক্ষ শ্রীমতী মায়া ঘোষ আমার শ্বশুর মহাশয় এবং আমি দ্বিতীয়পক্ষ শ্রী নিমাই কুমার ঘোষ আমার পিতাঠাকুর স্বর্গীয় সুরেন্দ্রনাথ ঘোষ মহাশয় জীবিতমানে তিনি উক্ত সম্পত্তি আদির মধ্যে ৪০৩৫ , ৪০৩৬ ও ৪০৩৮ নং দাগভুক্ত ষোল আনা সম্পত্তি আদি জনৈক সামসুদ্দিন আহম্মদ দীং মহাশয় গনের নিকট হইতে গত ইংরাজী সন ১৯৪০ । ২৪ শে মে তারিখে শ্রীরামপুর সাবরেজিষ্ট্রী

জের .... ৫

SL. NO. 2430

DATE 12/03/1999

TREASURY

Nemai Kumar Bhak

Bhasna Bhak

Serampore.

Serampore.

Hooghly

17/03/99

TREASURY

District Sub-Registrar

Serampore, Hooghly

23 MAR 1999

Dist- Hooghly.

100 Rs.






অফিসের রেজিষ্ট্রীকৃত এককেতা সাফ বিক্রয় কোবালার দ্বারা খরিদ করিয়া তাহাতে তিনি ষোল আনা রকমে সুত্ববান ও দখলীকার থাকা অবস্থায় উক্ত ৪০৩৫ , ৪০৩৬ ও ৪০৩৮ নং দাগভুক্ত ষোল আনা সম্পত্তি সহ অন্যান্য সম্পত্তি আদির মধ্যে রকম ।।. আট আনা অংশের সম্পত্তি গত ইংরাজী সন ১৯৫৪ । ২৪ শে এপ্রিল তারিখের লিখিত ও শ্রীরামপুর সাবরেজিষ্ট্রী অফিসের ঐ সনের ১ নং বহির ২৮ নং ভলুমে ২৪৫ - ২৪৯ পাতায় নকলকরা ২২২৪ নং রেজিষ্ট্রীকৃত এককেতা দানপত্র দলিলের দ্বারা আমি দ্বিতীয়পক্ষ শ্রী নিমাই কুমার ঘোষ আমাকে এবং অবশিষ্ট রকম ।।. আট আনা অংশের সম্পত্তি সহ অন্যান্য সম্পত্তি উক্ত দিবসে উক্ত অফিসের ১ নং বহির ২৮ নং ভলুমে ২৪০ - ২৪৪ পাতায় নকলকরা ২২২১ নং রেজিষ্ট্রীকৃত এককেতা দানপত্র দলিলের

জের .... ৬

SL. NO. 2430

DATE 12/03/1999

TREASURY

Hooghly

23 MAR 1999

2 + 82 = 84

50 Rs.

পঞ্চাশ রুপয়ে

সত্যমেব জয়তে

ভারত

INDIA

৫০রু. FIFTY RUPEES 50RS

(৬)

দ্বারা আমার সহোদর তথা প্রথম পক্ষের স্বামী কমল কুমার ঘোষকে নির্ব্যূঢ় স্বত্বে দান করিয়া দিয়া তাহাতে তিনি নিঃ স্বত্ব ও দখলচ্যুত হইয়াছেন ।

আমি দ্বিতীয়পক্ষ শ্রী নিমাই কুমার ঘোষ ও আমার উক্ত সহোদর কমল কুমার ঘোষ উভয়ে উক্ত ৪০৩০ , ৪০৩৬ , ৪০৩৮ নম্বর দাগভুক্ত সম্পত্তি প্রত্যেকে রকম ।।. আট আনা অংশ হিসাবে পূর্ব্বোক্ত দানপত্র দলিল দুয়ের দ্বারা আমাদের পিতাঠাকুরের নিকট হইতে নির্ব্যূঢ় স্বত্বে দানপ্রাপ্ত হইয়া এবং $\frac{৪০৩৮}{৪১৯৫}$ নং দাগভুক্ত সম্পত্তি আমরা উভয়ে পৈতৃক উত্তরাধিকারী সূত্রে তুল্যাংশে প্রাপ্ত হইয়া রিভিসন্যাল ও এল.আর.সেটেলমেন্ট রেকর্ডে আমাদের প্রত্যেকের নামে রকম ।।. আট আনা অংশ হিসাবে রেকর্ড প্রস্তুত ও প্রচারিত করাইয়া তাহাতে আমরা স্বত্ববান ও - দখলীকার থাকি ।

জের .... ৭

SL. NO. 2630 [illegible]

DATE 18/03/1999 [illegible] TREASURY

NAME Nemai Kumar Ghosh.

Dhaneshali [illegible]

Serampore.

P. Serampore.

Hooghly

[illegible signature]

[illegible]/02/95

[illegible] TREASURY

District Sub-Registrar [illegible]

Serampore, Hooghly

23 MAR 1999

13/99

Maya Ghosh.

এমতাবস্থায় কমল কুমার ঘোষ মহাশয় আমি প্রথমপক্ষ শ্রীমতী মায়া ঘোষ আমাকে তদীয় একমাত্র পত্নী ওয়ারিশ রাখিয়া পরলোক গমন করিলে পর তৎত্যক্ত রকম ।।. আট আনা অংশের সম্পত্তি আদি আমি প্রথমপক্ষ শ্রীমতী মায়া ঘোষ আমার স্বামী মহাশয়ের ওয়ারিশ সূত্রে প্রাপ্ত হইয়া অবশিষ্ট রকম ।।. আট আনা অংশের সম্পত্তির মালিক উক্ত শ্রী নিমাই কুমার ঘোষ এর সহিত এজমালে অন্যের স্বত্ব সম্পর্ক রহিতে অবিবাদে খাষে বসবাস আদির দ্বারা তুল্যাংশে ষোল আনা রকমে স্বত্ববান ও স্বত্ববতী মতে ভোগবান ও দখলীকার হইয়াছি ও আছি ।

এক্ষনে উক্ত সম্পত্তি আদি আমাদের এজমালে ভোগদখল করা বিশেষ অসুবিধা হইতে থাকায় ভোগদখলের সুবিধার নিমিত্ত আপোষ বিভাগ বন্টন ও চিহ্নিত করিয়া লওয়া বিশেষ আবশ্যক ও মঙ্গলজনক বিবেচনা করিয়া আমরা আমাদের হিতৈষীগনের সহিত পরামর্শ করিয়া ও নিজ নিজ বিষয় বুদ্ধি জ্ঞানে উভয়ে একমত হইয়া উক্ত সমগ্র (ক) তপশীল পরিচিত ৮২.৴. ৩৭ সতের কাঠা এক ছটাক সাঁইত্রিশ বর্গফুট বা কমিবেশী ২৮২৩ সহস্রাংশ সম্পত্তি আদি নিম্নের (খ) ও (গ) তপশীলে দুই ভাগে বিভক্ত করিয়া এবং তাহা সহজ ভাবে বুঝিবার নিমিত্ত উপযুক্ত সার্ভেয়ার দ্বারা তাহার একটী নক্সা প্রস্তুত করিয়া এবং পক্ষদ্বয়ের প্রাপ্ত চিহ্নিত সম্পত্তি যথাক্রমে ।এ। ও ।বি। অক্ষর দ্বারা চিহ্নিত নির্দ্দিষ্ট করিয়া লইয়া নিম্নলিখিত সর্ত্ত ও চুক্তিতে বাধ্য ও আবদ্ধ থাকিয়া আমরা একযোগে অত্র আপোষ বিভাগ বন্টননামা পত্র সম্পাদন করিয়া এতদ্বারা প্রকাশ , স্বীকার ও অঙ্গীকার করিতেছি যে ,

জের .... ৮

Maya Ghosh

১। অত্র বন্টননামায় লিখিত (ক) তপশীলের অন্তর্ভুক্ত নিম্নের (খ) তপশীলের পরিচিত এবং অত্রসহ সংযুক্ত নক্সায় প্রদর্শিত লাল রংয়ের বর্ডার দ্বারা বেষ্টিত 'এ' অক্ষর দ্বারা চিহ্নিত নির্দ্দিষ্ট মাপসুরত ।।.৵ ১৪ দশ কাঠা তিন ছটাক চৌদ্দ বর্গফুট বা কমিবেশী-১৬৮২ সহস্রাংশ জমি মায় তদুপরিস্থিত দ্বিতল ইমারত বাটী মায় যাবতীয় সাজ সরঞ্জামাদি সহ সম্পত্তি আদি আমি প্রথমপক্ষ শ্রীমতী মায়া ঘোষ আমার রকম ।।. আট আনা অংশে ষোল আনা চিহ্নিত নির্দ্দিষ্ট হইল ও করিয়া লইলাম ।

২। অত্র বন্টননামায় লিখিত (ক) তপশীলের অন্তর্ভুক্ত নিম্নের (গ) তপশীলের পরিচিত এবং অত্রসহ সংযুক্ত নক্সায় প্রদর্শিত সবুজ রংয়ের বর্ডার দ্বারা বেষ্টিত 'বি' অক্ষর দ্বারা চিহ্নিত নির্দ্দিষ্ট মাপসুরত ।১.৮৵২৩ ছয় কাঠা চৌদ্দ ছটাক তেইশ বর্গফুট বা কমিবেশী-১১৪১ সহস্রাংশ জমি মায় তদুপরিস্থিত দ্বিতল ইমারত বাটী মায় যাবতীয় সাজ সরঞ্জামাদি সহ সম্পত্তি আদি আমি দ্বিতীয়পক্ষ শ্রী নিমাই কুমার ঘোষ আমার রকম ।।. আট আনা অংশে ষোল আনা চিহ্নিত নির্দ্দিষ্ট হইল ও করিয়া লইলাম ।

৩। আমরা পক্ষদ্বয় পরস্পর বন্টনমূলে নিজ নিজ অংশে প্রাপ্ত চিহ্নিত সম্পত্তি আদিতে অদ্য দখল লইলাম ও পাইলাম ।

৪। আমরা পক্ষদ্বয় পরস্পর বন্টনমূলে নিজ নিজ অংশে প্রাপ্ত চিহ্নিত সম্পত্তি আদির অদ্য হইতে নিব্যূঢ় সুত্বের মালিক হইয়া ধার্য্য খাজনা নিম্নলিখিত মালিকান সরকারে সন সন আদায় দিয়া সাবেক নাম খারিজে নিজ নিজ নাম পত্তনে

Mrityu Ghosh. Nimai Kumar Ghosh

ও দাখিলা গ্রহনে ও মিউনিসিপ্যাল ট্যাক্স স্থানীয় মিউনিসিপ্যালিটীতে মিউটেসন মতে নিজ নিজ নাম বরাবর আদায় দিয়া রসিদ গ্রহনে এবং বন্টনমূলে প্রাপ্ত নিজ নিজ চিহ্নিত গৃহাদী আবশ্যকমত পরিবর্ত্তন , পরিবর্দ্ধন ও পরিমার্জ্জন করিয়া বা অপসারন মতে নূতন ইমারতাদি নির্ম্মান করিয়া তাহাতে বসবাস আদির দ্বারা ও আর আর সর্ব্বপ্রকার কার্য্যে যদৃচ্ছামত ব্যবহারের দ্বারা পুত্র পৌত্রাদি মায় ওয়ারিশন উত্তরাধিকারী ও স্থলাভিষিক্ত গনক্রমে দান বিক্রয় বন্ধক ইত্যাদি সর্ব্বপ্রকার হস্তান্তর ও রূপান্তর করনের মালিক ও সত্ত্বাধিকারী স্বরূপে ভোগদখল করিতে থাকিব । তাহাতে কস্মিন কালেও একপক্ষ অপর পক্ষের অংশে প্রাপ্ত চিহ্নিত সম্পত্তি আদিতে বা অপর পক্ষের কর্ম্মে কোনপ্রকার ওজর আপত্তি বাধা দাবী দাওয়া কিছুই করিতে পারিব না মায় ওয়ারিশন উত্তরাধিকারী ও স্থলাভিষিক্ত গনক্রমে কেহ পারিবে না ; করিলে তাহা আদালতাদি সর্ব্বস্থলে সর্ব্বসময়ে বাতিল ও নামঞ্জুর হইবেক ।

৫। অত্র বন্টননামা দলিল সংলগ্ন নক্সায় প্রদর্শিত সম্পত্তির মধ্যে আমি প্রথমপক্ষ আমার অংশে প্রাপ্ত 'এ' অক্ষর দ্বারা চিহ্নিত নির্দ্দিষ্ট জমির উপরিস্থিত গৃহাদীর মধ্যে পশ্চিমদিকের দেওয়ালটী তথা আমি দ্বিতীয়পক্ষ আমার অংশে 'বি' অক্ষর দ্বারা নির্দ্দিষ্ট চিহ্নিত জমির উপরিস্থিত গৃহাদীর মধ্যে পূর্ব্বদিকের দেওয়ালটী আমরা পক্ষদ্বয় আমাদের এজমালী দেওয়াল রূপে চিহ্নিত থাকিল । পক্ষদ্বয়ের মধ্যে কেহ ত্রিতলে গৃহাদী নির্ম্মানকালে তিনি উক্ত কমন দেওয়ালের উপর পুরো দেওয়াল তুলিয়া গৃহাদী প্রস্তুত ও ছাদ নির্ম্মানকালে নিজদিক হইতে কমন দেওয়ালের অর্দ্ধেকাংশ ধরিয়া লইয়া ঢালাই এর রড বাহির করিয়া রাখিয়া ছাদ নির্ম্মান করিতে পারিবেন ।

জের .... ১০

প্রতিপক্ষ গৃহাদী নির্ম্মানকালে তাহার ঘরের দেওয়াল কমন দেওয়ালের সাথে মিলিত করিবার পূর্ব্বে কমন দেওয়ালের অর্দ্ধেকাংশ ব্যয় অপর পক্ষকে মিটাইয়া দিয়া তৎপরে কমন দেওয়ালের সাথে নিজ ঘরের দেওয়াল মিলিত করিয়া গৃহাদী নির্ম্মান করিতে পারিবেন । প্রকাশ থাকিল যে , উক্ত কমন দেওয়ালের মধ্যে কোনপক্ষ দরজা বা জানালা কিছুই বসাইতে পারিবেন না ; কেবলমাত্র নিজ নিজ দিক হইতে একটী করিয়া ওয়াল আলমারি বসাইতে পারিবেন । উক্ত কমন দেওয়ালটী সুরক্ষিত ভাবে রাখার দায়িত্ব উভয় পক্ষেরই রহিল । পক্ষদ্বয়ের মধ্যে কেহ কমন দেওয়াল নির্ম্মান কালে প্রতিপক্ষের ছাদের উপর ভারা ইত্যাদি বাঁধিয়া গৃহাদী নির্ম্মান করিতে পারিবেন । তাহাতে কোনপক্ষ কশ্মিন কালেও মায় ওয়ারিশন উত্তরাধিকারী ও স্থলাভিষিক্ত গনক্রমে কেহ কোনপ্রকার ওজর আপত্তি দাবী দাওয়া কিছুই করিতে পারিবেক না ; করিলে তাহা আদালতাদি সর্ব্বস্থলে সর্ব্বসময়ে বাতিল ও নামঞ্জুর হইবেক ।

৬। আমরা পক্ষদ্বয় পরস্পর বন্টনমূলে নিজ নিজ অংশে প্রাপ্ত চিহ্নিত সম্পত্তি অদ্য হইতে ১২ বার মাসের মধ্যে তুল্যাংশে ব্যয় বহন করিয়া ঘেরিয়া লইব ও লইতে পারিব এবং নিজ নিজ অংশে প্রাপ্ত সম্পত্তি মেরামত ও/বা নিজ নিজ গৃহাদীর উপর দ্বিতল , ত্রিতল ও তদূর্দ্ধে গৃহাদী নির্ম্মানকালে একপক্ষ অপর পক্ষের চিহ্নিত প্রাপ্ত সম্পত্তিতে ভারা ইত্যাদি বাঁধিয়া গৃহাদী মেরামত ও নির্ম্মান করিতে পারিব । তাহাতে কশ্মিন কালেও একপক্ষ অপর পক্ষের কার্য্যে কোনপ্রকার বাধা প্রদান করিব না ও করিতে পারিবেক না ; করিলে তাহা আদালত আদি সর্ব্বস্থলে সর্ব্বসময়ে বাতিল ও নামঞ্জুর হইবেক ।

জের .... ১১

৭। মিউনিসিপ্যাল এ্যাক্ট অনুযায়ী ফাঁকা জমিতে গৃহাদী নির্ম্মানকালে যে ছাড় রাখিবার বিধান আছে পক্ষদ্বয় ফাঁকা জমিতে গৃহাদী নির্ম্মানকালে তাহা প্রযোজ্য হইবে । কিন্তু গৃহাদীর উপর গৃহাদী নির্ম্মানকালে পক্ষদ্বয় কোনরকম ছাড় না রাখিয়া গৃহাদী নির্ম্মান করিতে পারিবেন । তাহাতে কোন পক্ষের কোনপ্রকার ওজর আপত্তি চলিবে না ; করিলে তাহা সর্ব্বস্থলে সর্ব্ব আদালতে বাতিল ও নামঞ্জুর হইবেক ।

৮। অত্র বন্টননামায় লিখিত সম্পত্তি ইতিপূর্ব্বে কোনস্থানে কোনপ্রকার হস্তান্তরিত বা দায়াবদ্ধ নাই । সম্পূর্ন নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় আমরা বিভাগ বন্টন করিয়া লইলাম । পক্ষদ্বয়ের মধ্যে যদি কাহারো ব্যক্তিগত ঋণের জন্য মহাজন নালিশ করেন তাহা হইলে যে পক্ষের দেনা হইবে সেই পক্ষের সম্পত্তি হইতে টাকা আদায় হইবে । অপর পক্ষ তাহার জন্য দায়ী হইবেন না ।

৯। অত্রসহ সংযুক্ত নক্সা এই বন্টননামা দলিলের একাংশ বলিয়া গন্য রহিল ।

১০। অত্র বন্টননামায় লিখিত নিম্নের (ক) তপশীলের পরিচিত সর্ব্বমোট ৸২.৴/৩৭ সতের কাঠা এক ছটাক সাঁইত্রিশ বর্গফুট সম্পত্তি আদির আনুমানিক মোট মূল্য ৩৬, ৭৭, ০০০্ টাকা তন্মধ্যে প্রথম পক্ষের অংশে প্রাপ্ত (খ) তপশীল পরিচিত ।।.৶/১৪ দশ কাঠা তিন ছটাক চৌদ্দ বর্গফুট বা কমিবেশী ·১৬৮২ সহস্রাংশ সম্পত্তি আদির আনুমানিক মূল্য ১৮, ৩৮, ৫০০্ টাকা এবং দ্বিতীয় পক্ষের অংশে প্রাপ্ত (গ) তপশীল পরিচিত ।১.৸৵/২৩ ছয় কাঠা চৌদ্দ ছটাক তেইশ বর্গফুট বা কমিবেশী

জের .... ১২

Mousumi Ghosh
Sanjoi Kumar Ghosh

১১৪১ সহস্রাংশ সম্পত্তি আদির আনুমানিক মূল্য ১৮,৩৮,৫০০ টাকা হইতেছে । পক্ষদ্বয়ের অংশানুযায়ী জমির পরিমান কমিবেশী হইলেও অবস্থান অনুযায়ী জমির মূল্য এক হওয়ায় কোনপক্ষ অপর পক্ষের নিকট হইতে কমপেনসেশন বা ওয়েলটী মানী বাবদ কিছুই পাইলাম না ।

১১। অত্র বন্টননামা দলিলখানি দ্বিতীয় পক্ষের নিকট থাকিবে । প্রথম পক্ষের আবশ্যক মত দলিলখানি দ্বিতীয়পক্ষ প্রথম পক্ষকে দেখাইবেন ও রসিদ লইয়া সাময়িক ভাবে দিতে ও যথাস্থানে দাখিল করিতে বাধ্য থাকিবেন ।

১২। এতদর্থে উপরোক্ত সর্ত সমূহে আমরা পক্ষদ্বয় মায় আমাদের ওয়ারিশন উত্তরাধিকারী ও স্থলাভিষিক্ত গনক্রমে বাধ্য ও আবদ্ধ থাকিয়া নিজ নিজ হিতার্থে ও সুবিধা বিবেচনায় আমরা আপন আপন ইচ্ছা পূর্ব্বক সুস্থ শরীরে সরলমনে অন্যের বিনানুরোধে ও বিনা প্ররোচনায় দলিলের মর্ম্ম সমূহ সম্যক অবগত থাকিয়া ও সমঝাইয়া অত্র আপোষ চিহ্নিত বিভাগ বন্টননামা বা পার্টিশান দলিল সম্পাদন করিয়া দিলাম । ইতি সন ১৪০৫ সাল ৮ই চৈত্র ;

ইংরাজী সন ১৯৯৯ সাল ২৬শে মার্চ্চ। —

-: (ক) তপশীল পরিচিত সমগ্র মোট সম্পত্তির পরিচয় : -

জেলা হুগলী , এ্যাডিসন্যাল ডিষ্ট্রিক্ট সাবরেজিষ্ট্রী অফিস ও থানা শ্রীরামপুরের অন্তর্গত , বৈদ্যবাটী মিউনিসিপ্যালিটীর এলাকাধীন , বোর পরগনার চাতরা মৌজায় ৫ নং ওয়ার্ডের ৯ , ১০ এবং ১১ নং জি.টী.রোড হোল্ডিং ভুক্ত

Mayya Ghosh

এবং সেটেলমেন্টের জে.এল.নং ১০ , রেঃ সাঃ নং ৯৫৩ এবং ১৬৭ নং তৌজির অধীন দখলকার স্বত্ব বিশিষ্ট আর.এস ২৭৬৯ নং খতিয়ানের জের ২৭৭২ নং দুই হাজার সাতশত বাহাত্তর নম্বর খতিয়ান ভুক্ত মোট·৩৬০ সহঃ জমির বার্ষিক খাজনা ১৫৲টাকা জমার অন্দরে ———

১। একবন্দ ৪০৩৫ নং চার হাজার পঁয়ত্রিশ নম্বর দাগে বাস্তু জমির মধ্যে চিহ্নিত মাপসুরত /১।।২ এক কাঠা আট ছটাক দুই বর্গফুট বা কমিবেশী .০২৪৮ সহস্রাংশ জমি মায় তদুপরিস্থিত গৃহাদী সহ ।

ইহার হারাহারী বার্ষিক খাজনা ১৲ টাকা হাল মালিকান পশ্চিমবঙ্গ সরকার পক্ষে হুগলী কালেকটারীতে জে.এল.আর.ও শ্রীরামপুর মারফৎ আদায় দিতে হয় ।

ঐ চাতরা মৌজায় ঐ তৌজির অধীন ঐ স্বত্বীয় ২৭৭০ নং দুই হাজার সাতশত সত্তর নম্বর খতিয়ান ভুক্ত মোট·৩৬০ সহস্রাংশ জমির বার্ষিক খাজনা ১৫৲ টাকা জমার অন্দরে —

২। একবন্দ ৪০৩৬ চার হাজার ছত্রিশ নম্বর দাগে বাস্তু ষোল আনায় /৵৩৯ তের ছটাক উনচল্লিশ বর্গফুট বা কমিবেশী .০১৪৩ সহস্রাংশ জমি মায় তদুপরিস্থিত গৃহাদী সহ ।

ইহার হারাহারী বার্ষিক খাজনা ৫৬ পয়সা উপরোক্ত সরকারে আদায় দিতে হয় ।

Moya Ghosh.
Nirmal Kumar Ghosh

ঐ চাতরা মৌজায় ঐ তৌজির অধীন ঐ সুত্রীয় ২৭৬৯ নং দুই হাজার সাতশত উনসত্তর নম্বর খতিয়ান ভুক্ত মোট -৩৬০ সহঃ জমির বার্ষিক খাজনা ১৫ ্টাকা জমার অন্দরে —

৩। একবন্দ ৪০৩৮ নং চার হাজার আটত্রিশ নম্বর দাগে বাস্তু জমির মধ্যে চিহ্নিত মাপসুরত ।৩.।।৩৭ আট কাঠা আট ছটাক সাঁইত্রিশ বর্গফুট বা কমিবেশী ·১৪১৩ সহস্রাংশ জমি মায় তদুপরিস্থিত গৃহাদী সহ ।

৪। একবন্দ $\frac{৪০৩৮}{৪১৯৫}$ নং চার হাজার আটত্রিশ এর বাটা চার হাজার একশত পঁচানব্বুই নম্বর দাগে বাস্তু জমির মধ্যে চিহ্নিত মাপসুরত ।১.হ/৪ ছয় কাঠা তিন ছটাক চার বর্গফুট বা কমিবেশী ·১০১৯ সহস্রাংশ জমি মায় তদুপরিস্থিত গৃহাদী সহ ।

---

৩।৪ নং বন্দে মোট ।।৪.।।হ/৪১ চৌদ্দ কাঠা এগার ছটাক একচল্লিশ বর্গফুট বা কমিবেশী ·২৪৩২ সহস্রাংশ সম্পত্তি আদি ।

ইহার হারাহারী বার্ষিক খাজনা ৯.৭৫ টাকা উপরোক্ত সরকারে আদায় দিতে হয় ।

---

১ নং নাগাইদ ৪ নং বন্দে সর্ব্বমোট ৮২./. ৩৭ সতের কাঠা এক ছটাক সাঁইত্রিশ বর্গফুট বা কমিবেশী ·২৮২৩ সহস্রাংশ সম্পত্তি আদি মাত্র । ইহার মোট মূল্য ৩৬, ৭৭, ০০০ টাকা হইতেছে ।

Maya Ghosh
Nirmal Kumar Ghosh

-: প্রথমপক্ষ শ্রীমতী মায়া ঘোষ এর অংশে প্রাপ্ত
(ক) তপশীলের অন্তর্গত (খ) তপশীল সম্পত্তির পরিচয় : -

জেলা হুগলী, এ্যাডিসনাল ডিস্ট্রিক্ট সাবরেজিস্ট্রী অফিস ও থানা শ্রীরামপুরের অন্তর্গত, বৈদ্যবাটী মিউনিসিপ্যালিটীর এলাকাধীন, বোর পরগনার চাতরা মৌজায় ১১ নং জি. টী. রোড হোল্ডিং ভুক্ত এবং সেটেলমেন্টের জে.এল. নং ১০, রেঃ সাঃ নং ৯৫৩ এবং ১৬৭ নং তৌজির অধীন দখলকার স্বত্ব বিশিষ্ট আর.এস ২৭৬৯ নং খতিয়ানের জের ২৭৭২ নং দুই হাজার সাতশত বাহাত্তর নম্বর খতিয়ান ভুক্ত মোট ·৩৬০ সহঃ জমির বার্ষিক খাজনা ১৫ টাকা জমার অন্দরে —

১। একবন্দ ৪০৩৫ নং চার হাজার পঁয়ত্রিশ নম্বর দাগে বাস্তু জমির মধ্যে বন্টনমূলে প্রাপ্ত চিহ্নিত নির্দ্দিষ্ট মাপসূরত ✓/ ১১ দুই ছটাক এগার বর্গফুট বা কমিবেশী .০০২৯ সহস্রাংশ জমি মায় তদুপরিস্থিত গৃহাদী সহ।

ইহার হারাহারী বার্ষিক খাজনা ১০ পয়সা হাল মালিকান পশ্চিমবঙ্গ সরকার পক্ষে হুগলী কালেক্টারীতে জে.এল.আর.ও শ্রীরামপুর মারফৎ আদায় দিতে হয়।

ঐ চাতরা মৌজায় ঐ তৌজির অধীন ঐ স্বত্বীয় আর.এস ২৭৬৯ নং দুই হাজার সাতশত উনসত্তর নম্বর খতিয়ান ভুক্ত মোট·৩৬০ সহঃ জমির বার্ষিক খাজনা ১৫ টাকা জমার অন্দরে —

২। একবন্দ ৪০৩৮ নং চার হাজার আটত্রিশ নম্বর দাগে বাস্তু জমির মধ্যে বন্টনমূলে প্রাপ্ত চিহ্নিত নির্দ্দিষ্ট মাপসূরত ।১.১৪/১৩ ছয় কাঠা চৌদ্দ ছটাক তের বর্গফুট বা কমিবেশী .১১৩৯ সহস্রাংশ জমি মায় তদুপরিস্থিত গৃহাদী সহ।

Maya Ghosh

Nirmal Kumar Sen

৩। একবন্দ $\frac{৪০৩৮}{৪১৯৫}$ নং চার হাজার আটত্রিশ এর বাটা চার হাজার একশত পঁচানব্বুই নম্বর দাগে বাস্তু জমির মধ্যে বন্টন মূলে প্রাপ্ত চিহ্নিত নির্দ্দিষ্ট মাপসুরত /৩৴৩৫ তিন কাঠা দুই ছটাক পঁয়ত্রিশ বর্গফুট বা কমিবেশী .০৫২০ সহস্রাংশ জমি মায় তদুপরিস্থিত গৃহাদী সহ ।

---

২।৩ নং বন্দে বন্টনমূলে প্রাপ্ত মোট ।।./৩ দশ কাঠা এক ছটাক তিন বর্গফুট বা কমিবেশী .১৬৫৯ সহস্রাংশ জমি মায় তদুপরিস্থিত গৃহাদী সহ ।

ইহার হারাহারী বার্ষিক খাজনা ৬.৬৪ টাকা উপরোক্ত সরকারে আদায় দিতে হয় ।

---

১।২।৩ নং বন্দে একলপ্তে অত্রসহ সংযুক্ত নক্সায় প্রদর্শিত লাল রংয়ের বর্ডার দ্বারা বেষ্টিত এবং 'এ' অক্ষর দ্বারা চিহ্নিত নির্দ্দিষ্ট মাপসুরত ।।.৩/১৪ দশ কাঠা তিন ছটাক চৌদ্দ বর্গফুট বা কমিবেশী .১৬৮২ সহস্রাংশ জমি মায় তদুপরিস্থিত ৩৭৬১ বর্গফুট নির্ম্মিত ১০০ বৎসরের বহু পুরাতন দ্বিতল ইমারত বাটী এবং ১৩৮১ বর্গফুট নির্ম্মিত এ্যাসবেসটারের ছাউনি যুক্ত ঘর মায় যাবতীয় সাজ সরঞ্জামাদি সহ ও নক্সায় প্রদর্শিত মত চিহ্নিত পথাদি সম্বোত ভাবে ব্যবহারের স্বত্বলভ্য ও সর্ব্বপ্রকার ইজমেন্ট রাইটস্ সহ দরবস্তু হকুক ।

এই সম্পত্তি আদি আমি প্রথমপক্ষ শ্রীমতী মায়া ঘোষ আমার রকম ।।. আট আনা অংশে ষোল আনা চিহ্নিত নির্দ্দিষ্ট হইল ও করিয়া লইলাম ও পাইলাম । ইহার মোট মূল্য ১৮,৩৮,৫০০্ টাকা হইতেছে ।

জের .... ১৭

- : দ্বিতীয়পক্ষ শ্রী নিমাই কুমার ঘোষ এর অংশে প্রাপ্ত (ক) তপশীলের অন্তর্গত (গ) তপশীল সম্পত্তির পরিচয় : -

জেলা হুগলী , এ্যাডিসন্যাল ডিষ্ট্রীক্ট সাবরেজিষ্ট্রী অফিস ও থানা শ্রীরামপুরের অন্তর্গত , বৈদ্যবাটী মিউনিসিপ্যালিটীর এলাকাধীন , বোর পরগনার চাতরা মৌজায় ৯ ও ১০ নং জি.টী.রোড হোল্ডিং ভুক্ত এবং সেটেলমেন্টের জে.এল.নং ১০ , রেঃ সাঃ নং ৯৫৩ এবং ১৬৭ নং তৌজির অধীন দখলকার স্বত্ব বিশিষ্ট আর.এস ২৭৬৯ নং খতিয়ানের জের ২৭৭২ নং দুই হাজার সাতশত বাহাত্তর নম্বর খতিয়ান ভুক্ত মোট ৩৬০ সঃ জমির বার্ষিক খাজনা ১৫ টাকা জমার অন্দরে ——

১। একবন্দ ৪০৩৫ নং চার হাজার পঁয়ত্রিশ নম্বর দাগে বাস্তু জমির মধ্যে বন্টনমূলে প্রাপ্ত চিহ্নিত নির্দিষ্ট মাপসূত্রত /১৵ ৩৬ এক কাঠা পাঁচ ছটাক ছত্রিশ বর্গফুট বা কমিবেশী .০২২৫ সহস্রাংশ জমি মায় তদুপরিস্থিত গৃহাদী সহ ।

ইহার হারাহারী বার্ষিক খাজনা ৯০ পয়সা হাল মালিকান পশ্চিমবঙ্গ সরকার পক্ষে হুগলী কালেকটারীতে জে.এল.আর.ও শ্রীরামপুর মারফৎ আদায় দিতে হয় ।

ঐ চাতরা মৌজায় ঐ তৌজির অধীন ঐ স্বত্বীয় আর.এস ২৭৬৯ নং খতিয়ানের জের ২৭৭০ নং দুই হাজার সাতশত সত্তর নম্বর খতিয়ান ভুক্ত মোট.৩৬০ সঃ জমির বার্ষিক খাজনা ১৫ টাকা জমার অন্দরে —

Maya Ghosh

২। একবন্দ ৪০৩৬ নং চার হাজার ছত্রিশ নম্বর দাগে বাস্তু জমির মধ্যে বন্টনমূলে প্রাপ্ত চিহ্নিত নির্দিষ্ট মাপসুরত /দ/৩১ তের ছটাক উনচল্লিশ বর্গফুট বা কমিবেশী .০১৪৩ সহস্রাংশ জমি মায় তদুপরিস্থিত গৃহাদী সহ।

ইহার হারাহারী বার্ষিক খাজনা ৩৬ পয়সা উপরোক্ত সরকারে আদায় দিতে হয়।

ঐ চাতরা মৌজায় ঐ তৌজির অধীন ঐ স্থায়ী ২৭৬৯ নং দুই হাজার সাতশত উনসত্তর নম্বর খতিয়ান ভুক্ত মোট .৩৬০ সহস্রাংশ জমির বার্ষিক খাজনা ১৫ টাকা জমার অন্দরে —

৩। একবন্দ ৪০৩৮ নং চার হাজার আটত্রিশ নম্বর দাগে বাস্তু জমির মধ্যে বন্টনমূলে প্রাপ্ত চিহ্নিত নির্দিষ্ট মাপসুরত /১।০/২৪ এক কাঠা দশ ছটাক চব্বিশ বর্গফুট বা কমিবেশী .০২৭৪ সহস্রাংশ জমি মায় তদুপরিস্থিত গৃহাদী সহ।

৪। একবন্দ $\frac{৪০৩৮}{৪১৯৫}$ নং চার হাজার আটত্রিশ এর বাটা চার হাজার একশত পঁচানব্বই নম্বর দাগে বাস্তু জমির মধ্যে বন্টনমূলে প্রাপ্ত চিহ্নিত নির্দিষ্ট মাপসুরত /৩/১৪ তিন কাঠা চৌদ্দ বর্গফুট বা কমিবেশী .০৪৯৯ সহস্রাংশ জমি মায় তদুপরিস্থিত গৃহাদী সহ।

---

৩।৪ নং বন্দে মোট /৪।০/৩৮ চার কাঠা দশ ছটাক আটত্রিশ বর্গফুট বা কমিবেশী .০৭৭৩ সহস্রাংশ জমি মায় তদুপরিস্থিত গৃহাদী সহ।

ইহার হারাহারী বার্ষিক খাজনা ৩.১০ টাকা উপরোক্ত সরকারে আদায় দিতে হয়।

---

১ নং নাগাইদ ৪ নং বন্দে একলপ্তে অত্র সহ সংযুক্ত নক্সায় প্রদর্শিত সবুজ রংয়ের বর্ডার দ্বারা বেষ্টিত এবং 'বি' অক্ষর দ্বারা চিহ্নিত নির্দ্দিষ্ট মাপসূত্রে ।১.দ৵২৩ ছয় কাঠা চৌদ্দ ছটাক তেইশ বর্গফুট বা কমিবেশী .১১৪১ সংস্থান জমি মায় তদুপরিস্থিত ৪৪৪৪ বর্গফুট নির্ম্মিত ১০০ বৎসরের বহু পুরাতন দ্বিতল ইমারত বাটী মায় যাবতীয় সাজসরঞ্জামাদি সহ ও পথাদি সর্ব্বোতভাবে ব্যবহারের সুখলভ্য ও সর্ব্বপ্রকার ইজমেন্ট রাইটস্ সহ দরবস্ত হকুক ।

এই সম্পত্তি আদি আমি দ্বিতীয়পক্ষ শ্রী নিমাই কুমার ঘোষ আমার রকম ।।. আট আনা অংশে ষোল আনা চিহ্নিত নির্দ্দিষ্ট হইল ও করিয়া লইলাম ও পাইলাম । ইহার মোট মূল্য ১৮,৩৮,৫০০ টাকা হইবেক ।

---

(খ) ও (গ) তপশীল পরিচিত সর্ব্বমোট ৮২.// ৩৭ সতের কাঠা এক ছটাক সাঁইত্রিশ বর্গফুট বা কমিবেশী .২৮২৩ সংস্থান জমি মায় তদুপরিস্থিত গৃহাদী সহ সম্পত্তি আদি মাত্র । ইহার মোট মূল্য ৩৬,৭৭,০০০ টাকা হইবেক ।

-: ই সা দি :-

Amiya Ganguly
Sheoraphuli.

Gaibi Nath Chakraborty
Serampore.

Partha Ghosh.
Sheoraphuli

-: ড্রাফট প্রস্তুত কারক :-

শ্রীকমলকুমার ঘোষ
সাং - বেড়াবেড়ী
লাইসেন্স নং - ৪১৪০
শ্রীরামপুর রেজিস্ট্রী অফিস

-: টাইপকারক :-

শ্রী সুব্রত দাস
(শ্রীরামপুর দেওয়ানী কোর্ট)